

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৫৪(আগরতলা, ২০১০২)
শান্তিরবাজার, ২০ ফেব্রুয়ারি, ২০১৯

পশ্চিম পিলাক পঞ্চায়েতে স্প্রে-মেশিন বিতরণ

জোলাইবাড়ি ব্লকের পশ্চিম পিলাক গ্রাম পঞ্চায়েতের ১৭ জন কৃষককে ভর্তুকীতে স্প্রে-মেশিন দেওয়া হয়েছে। গতকাল সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে এক অনুষ্ঠানে সুবিধাভোগী কৃষকদের হাতে স্প্রে-মেশিন তুলে দেওয়া হয়। এরজন্য জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির পঞ্চায়েত উন্নয়ন তহবিল থেকে প্রতিটি সুবিধাভোগী কৃষককে ১ হাজার টাকা করে এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ৬০০ টাকা করে ভর্তুকী দেওয়া হয়েছে। অনুষ্ঠানে জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি বিকাশ বৈদ্য, সংশ্লিষ্ট পঞ্চায়েতের প্রধান তমাল বৈদ্য, বকাফা কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক দেবশীষ পাল উপস্থিত ছিলেন।
